শেখ হাসিনার উদ্যোগ

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

কালিকাপুর, পটুয়াখালী

টেলিফোনঃ ০৪৪১ - ৬২৮৭৫, ৬২২২০ Email:gmppbs@hotmail.com WEB:www.pbs.patuakhali.gov.bd

স্মারক নং ২৭.১২.৭৮৯৫.৫৫৮..৩০০.২১.১৯- ৫৮৫২

তারিখঃ ০৩/০৬/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ আগামী ২০২০ খ্রিঃ কে মুজিব বর্ষ হিসেবে পালন উপলক্ষ্যে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের জন্য ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষনের নিমিত্তে আবেদনপত্র আহবান।

অত্র সমিতির ভৌগলিক এলাকাভুক্ত পটুয়াখালী জেলার পটুয়াখালী সদর,দুমকি,মির্জাগঞ্জ,বাউফল,দশমিনা,রাঙ্গাবালী,গলাচিপা,কলাপাড়া উপজেলা এবং বরগুনা জেলার বরগুনা সদর,আমতলী,তালতলী,বেতাগী উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত শিক্ষিত বেকার যুবক/যুবতীদের নিকট হতে ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষন কোর্সে অংশগ্রহনের নিমিত্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্ত ও যোগ্যতার ভিত্তিতে বিনা খরচে প্রশিক্ষন দেয়া হবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই কেবলমাত্র সমিতি এলাকায় হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে। বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে 'সি' শ্রেণীর লাইসেন্স প্রাপ্ত প্রার্থীগণের আবেদনের পরিপ্রেক্ষিতে (**ট্রেনিংয়ের প্রয়োজন হবে না**) সরাসরি সমিতি এলাকায় হাউজ ওয়্যারিং কাজের অনুমোদন প্রদান করা হবে।

শর্তাবলী ঃ

১। এসএসসি / সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগন আবেদন করতে পারবেন।

২। আবেদনকারীগণ পটুয়াখালী জেলার পটুয়াখালী সদর,দুমকি,মির্জাগঞ্জ,বাউফল,দশমিনা,রাঙ্গাবালী,গলাচিপা,কলাপাড়া উপজেলা এবং বরগুনা জেলার বরগুনাসদর,আমতলী,তালতলী,বেতাগী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।

৩। হাউজ ওয়্যারিং কাজ করার আগ্রহসহ প্রয়োজনীয় টুলস ও যন্ত্রপাতি ক্রয় করার সক্ষমতা থাকতে হবে।

৪। উল্লেখিত এলাকার আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৫.০৬.২০১৯ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্র প্রেরন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, জন্ম তারিখ, ধর্ম, বৈবাহিক অবস্থা ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে। আবেদনপত্রে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর থাকতে হবে।

৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (স্থায়ীভাবে বসবাসের সমর্থনে)-এর সত্যায়িত ফটোকপি ও চারিত্রিক সনদপত্রের মূল কপি সংযুক্ত করে, মুখবন্ধ খামে ভরে ডাকযোগে অথবা সরাসরি প্রেরন করতে হবে। খামের উপরে বামদিকের কর্নারে ''ভিলেজ,ইলেকট্রিশিয়ান প্রশিক্ষন কোর্স" কথাটি লিখতে হবে। সকল দলিলাদি A4 সাইজের অফসেট কাগজে ফটোকপি করতে হবে। **সত্যায়নের ক্ষেত্রে, সত্যায়নকারী অবশ্যই প্রথম শ্রেনীর কর্মকর্তা হতে হবে এবং সীলে সত্যায়নকারীর নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ থাকতে হবে। এর ব্যাত্যয় ঘটলে আবেদনটি সরাসরি বাতিল বলে গন্য হবে।**

৬। জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর,পটুয়াখালী এই ঠিকানায় আবেদনপত্র প্রেরন করতে হবে।

৭। সাক্ষাৎকারের তারিখ ও স্থান পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত দলিলাদির মূল কপি সঙ্গে আনতে হবে। কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকেই পরবর্তীতে প্রশিক্ষনে অংশগ্রহনের জন্য অনুমতি প্রদান করা হবে এবং পত্র দ্বারা প্রশিক্ষন কোর্সে অংশ গ্রহনের আমন্ত্রন জানানো হবে।

৮। কোর্সের মেয়াদকাল আমন্ত্রন পত্রে উল্লেখ থাকবে। প্রশিক্ষন কোর্সটি পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তরে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষন কোর্সে অংশগ্রহনের জন্য কোন ফিস নেয়া হবে না।

৯। প্রার্থীর বয়স ৩০.০৬.২০১৯ ইং তারিখে ১৮ হতে ৪০ বছরের মধ্যে হতে হবে।

১০। প্রশিক্ষন কোর্স চলাকালীন নিজ দায়িত্বে থাকা ও খাওয়ার ব্যবস্থা করতে হবে।

১১। প্রশিক্ষন শেষে বাপবিবোর্ড ও পবিস কর্তৃক অনুষ্ঠিত চুড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীগণ কৃতকার্য হলে, তালিকাভুক্ত ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে গ্রাহকদের হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে।

১২। এই প্রশিক্ষন কোর্স, কোন প্রকার চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না।

১৩। প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

০৩/০৬/১৯

(মনোহর কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ বহুল প্রচারের অনুরোধসহ।

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ (দঃ অঃ) পরিদপ্তর/প্রশিক্ষন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
২। জেলা প্রশাসক, পটুয়াখালী/বরগুনা জেলা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর/দুমকি/মির্জাগঞ্জ/বাউফল/দশমিনা/রাঙ্গাবালী/গলাচিপা/কলাপাড়া /বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী উপজেলা।
৪। উপজেলা চেয়ারম্যান, পটুয়াখালী সদর/দুমকি/মির্জাগঞ্জ/বাউফল/দশমিনা/রাঙ্গাবালী/গলাচিপা/কলাপাড়া /বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী উপজেলা।
৫। মেয়র, পটুয়াখালী সদর/ বাউফল/ গলাচিপা/ কলাপাড়া/কুয়াকাটা/ বরগুনা সদর/ আমতলী/বেতাগী পৌরসভা।
৬। একান্ত সচিব,সদস্য (প্রশাসন),বাপবিবো,ঢাকা।
৭। ডিজিএম,কারিগরী/ গলাচিপা/বাউফল/বরগুনা/কলাপাড়া জোনাল অফিস, পটুয়াখালী পবিস।
৮। অফিসার ইনচার্জ, পটুয়াখালী সদর/দুমকি/মির্জাগঞ্জ/বাউফল/দশমিনা/রাঙ্গাবালী/গলাচিপা/কলাপাড়া /বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী থানা।
৯। এজিএম, অর্থ-রাজস্ব/ অর্থ-হিসাব/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এম এস, পটুয়াখালী পবিস ।
১০। উপজেলা যুব উন্নয়ন অফিসার, পটুয়াখালী সদর/দুমকি/মির্জাগঞ্জ/বাউফল/দশমিনা/রাঙ্গাবালী/গলাচিপা/কলাপাড়া /বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী উপজেলা।
১১। চেয়ারম্যান, -------------- ইউনিয়ন পরিষদ, পটুয়াখালী সদর/দুমকি/মির্জাগঞ্জ/বাউফল/দশমিনা/রাঙ্গাবালী/গলাচিপা/কলাপাড়া /বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী উপজেলা।
১২। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, --, পটুয়াখালী/বরগুনা ।
১৩। নোটিশ বোর্ড, জোনাল অফিস/অভিযোগ কেন্দ্র, পটুয়াখালী পবিস ।
১৪। অফিস কপি/মাস্টার ফাইল।

(মনোহর কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার